গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ “টাঙ্গাইল জেলার গোপালপুর ও ভূঞাপুর উপজেলাধীন যমুনা নদীর বামতীরবর্তী কাউলিবাড়ী ব্রীজ হতে শাখারিয়া (ভরুয়া-বটতলা) পর্যন্ত তীর সংরক্ষণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী ।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-১২-২০২০।
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভায় জানান যে, আলোচ্য প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল মার্চ ২০১৭ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পটির সংশোধিত ডিপিপি মোতাবেক প্রাক্কলিত ব্যয় ২১৫৩৪.৫৩ লক্ষ টাকা।

২। সভায় প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
১	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো আরও জানান, প্রকল্পের আওতাধীন ৩.০০ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষা কাজ ইত:মধ্যে সমাপ্ত হয়েছে। ৪০০ মিটার দৈর্ঘ্যের প্রতিরক্ষা মেরামত কাজের ১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় যমুনা নদীতে ৩.৪০ কিঃমিঃ দৈর্ঘ্যে ড্রেজিং কাজ ২টি প্যাকেজের ৪(চার)টি লটে বাস্তবায়নের জন্য সর্বমোট ১০৭৭৬.০৩ লক্ষ টাকা চুক্তিমূল্যে ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে। ঠিকাদারগণ সাইটে ড্রেজার মোবিলাইজ করেছে। কিন্তু স্থানীয় বাসিন্দাগণ তাদের ব্যক্তিগত আবাদি জমি ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ দেখিয়ে ড্রেজিং কাজ বাস্তবায়নে বাধা সৃষ্টি করছে। স্থানীয় বাসিন্দাগণের বাধায় ড্রেজিং কাজ আরম্ভ করা যাচ্ছে না। সমস্যা সমাধানে জেলা প্রশাসক, টাঙ্গাইল; পুলিশ প্রশাসন, টাঙ্গাইল ও স্থানীয় জনপ্রতিনিধিগণের নিকট সহায়তা চাওয়া হয়েছে। অতিসত্বর সমস্যা সমাধান হতে পারে। গত জুন ২০২০ সময় পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জীভূত বাস্তব অগ্রগতি ৪৫.৫৯% এবং আর্থিক অগ্রগতি ৯০৪৪.৩০ লক্ষ টাকা।	ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) যমুনা নদীতে ড্রেজিং কাজ বাস্তবায়নের লক্ষ্যে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভায় বিস্তারিত আলোচনা করে বাধা বিপত্তি নিরসন করে দ্রুত ড্রেজিং কাজ শুরু করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩১.১৭-৪৫৪

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ‘‘টাঙ্গাইল জেলাল গোপালপুর ও ভূঞাপুর উপজেলাধীন যমুনা নদীর বামতীরবর্তী কাউলীবাড়ি ব্রিজ হতে শাখারিয়া (ভরুয়া-বটতলা) পর্যন্ত তীর সংরক্ষণ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্প, টাঙ্গাইল পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল।

১৭) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-৫), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবাসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব